

- ২। ঢেউ লেগে কেউ হয়েছে মাতাল, মাতাইল আকাশ পাতাল।  
জয় করে সেই কাল মহাকাল, ঢেউ দিয়ে জগৎ পাগল করে।।
- ৩। দুই এক জনার যোগ ভাগ্যে, পাগল হল সেই ঢেউ লেগে।  
তনুজ্বলে অনুরাগে, প্রেমানন্দে নৃত্য করে।।
- ৪। ঢেউ লেগে সেই গোলোকপাগল, মুখেতে নাই আর কোনবোল।  
জয় হরিবোল গৌর হরিবোল, বলে সদায় ছঙ্কার ছাড়ে।।
- ৫। মহানন্দ সেই ঢেউ ধরি, রেখেছে ঢেউ হৃদয় পুরী।  
মাতাইল পুরুষ নারী, অশ্বিনী তুই মাতলি নারে।।

## ১২১ নং তাল-কাশ্মিরী

নিদান আমার বন্ধু বটে, এই ভবের হাটে।

নিদানে পড়িলে মনে, কত ভাব উঠে।।

- ১। নিদান বন্ধু ধরে যারে, ভোগ বিলাসের দফা সারে।  
সুখ পৈশাচি তাড়িয়ে দুরে, দুঃখ সম্পত্তি দেয় গো জুটে।।
- ২। সুখ পেলে মন রয়না খাঁটি, ধরতে চায় সে বিবের বাটি।  
বোঝাই করে ময়লা মাটি, ডুবে মরে ভবের ঘাটে।।
- ৩। দুঃখ ভার্যা তাপ রজকিনী, মনের ময়লা ঘুচান তিনি।  
দণ্ড সাবান জ্বালিয়া ধনি, মনকে কাচে শাসন পাটে।।
- ৪। দীনবন্ধু হরি যিনি, নিদানেরই বন্ধু তিনি।  
তত্ত্ব জেনে শূলপাগি, সদায় সে শ্মশানে ছোটে।।
- ৫। দয়াল মহানন্দ বলে, গুরু দণ্ড না হইলে।  
কিসে মনের ময়লা কাটে, অশ্বিনী তুই যাস না চটে।।

## ১২২ নং তাল-কাশ্মিরী

মন চল যাই বিদেশ ছেড়ে নিবৃত্তিপূরে।

তথায় আছে শান্তি মা, আমার স্নেহ মন্দিরে।।

- ১। বিদেশে বাগিজে দিয়ে, মা আছেন পথ পানে চেয়ে।  
ভুলে রলি কি সুখে পেয়ে, এদেশে তোর বন্ধু কে-রে।।